গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং ঃ ৩৭.০৩.০০০০.০৬১.১৮.০১৪.১৬-২৯ তারিখ ঃ ১৭/০১/২০১৭ খ্রিঃ।

**বিষয় ঃ বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে আগামী ২৫-৩১ জানুয়ারী ২০১৭ পর্যন্ত জাতীর পিতার জন্মস্থান টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ এ স্টল স্থাপন প্রসঙ্গে।**

সূত্র ঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৬৬.১৬-০৯, তারিখ ঃ ১৫-০১-২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে প্রাপ্ত পত্র নির্দেশনা মোতাবেক কারিগরি শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য অর্জন সমূহ ব্যাপক ভিত্তিতে প্রচার ও প্রসারের লক্ষ্যে মুটের প্রদর্শনী পল্লীতে পলিটেকনিক ইনস্টিটিউট হতে (০১) একটি এবং টেকনিক্যাল স্কুল ও কলেজের হতে (০১) একটি করে স্টল স্থাপনের জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হল।

ষ্টল স্থাপনের ক্ষেত্রে যে কোন তথ্যের জন্য পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর সাথে যোগাযোগ করা যেতে পারে। আগামী ১৮-০১-২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে এতদসংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন কারিগরি শিক্ষা অধিদপ্তরের dte.piw@gmail.com ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

সংযুক্তি ঃ বর্ননা মোতাবেক।

স্বাক্ষরিত/-
(মনজুরুল কাদের)
যুগ্ম সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণঃ

১। অধ্যক্ষ, গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ (তাঁর প্রতিষ্ঠান হতে ০২ (দুই) জন দক্ষ শিক্ষক স্টলে নিয়োগের অনুরোধসহ)।
২। অধ্যক্ষ, গোপালগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, গোপালগঞ্জ (তাঁর প্রতিষ্ঠান হতে ০২ (দুই) জন দক্ষ শিক্ষক স্টলে নিয়োগের অনুরোধসহ)।

স্মারক নং ঃ ৩৭.০৩.০০০০.০৬১.১৮.০১৪.১৬-২৯ তারিখ ঃ ১৭/০১/২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ

১। পরিচালক, প্রশাসন/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৩। পি এ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

17/01/2017
(মোঃ রেজাউল করিম)
সহকারী পরিচালক (পিআইডব্লিউ)

C:\Users\Md.Rezaul Karim\OneDrive\MD.Rezaul Karim\Rafiqul\Project\B-SEP.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.moedu.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৬.১২.০৬৬.১৬- ০৯

তারিখঃ ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি, ২০১৭।

বিষয় ঃ বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে আগামী ২৫-৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত জাতির পিতার জন্মস্থান টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে একাদশ জাতীয় রোভার মুট-২০১৭-এ স্টল স্থাপন প্রসঙ্গে।

সূত্রঃ নং- বাঃ স্কাঃ (মুট জিডিভি) ১৭০৪(৫))/১৭, তারিখঃ ০৫/০১/২০১২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে বাংলাদেশ স্কাউটস , জাতীয় সদর দপ্তর, স্কাউট ভবন, ঢাকা হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হল। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক আগামী ২(দুই) কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ পাতা।

(মোছাঃ নাজনীন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫ ৬৯ ৭২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা।

০২। চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

F:/Sec-15-All 2016-Latter Parliament 2016

বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh

পত্র নং- বাঃ স্কাঃ (মুট জিডিভি) ১৭০৪(৫০)/১৭

তারিখ ঃ ২২ পৌষ, ১৪২৩
০৫ জানুয়ারি, ২০১৭

প্রিয় সচিব

আনন্দের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ স্কাউটসের উদ্যোগে আগামী ২৫-৩১ জানুয়ারি ২০১৭ পর্যন্ত জাতির পিতার জন্মস্থান টুঙ্গিপাড়া, গোপালগঞ্জে একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ অনুষ্ঠিত হবে। উক্ত মুটে দেশের সকল অঞ্চল ও জেলা থেকে প্রায় ১০০০০ জন রোভার স্কাউট (১৭- ২৫ বছর বয়সী) ও স্কাউটার অংশগ্রহণ করবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ২৬ জানুয়ারী ২০১৭ তারিখে** মুট উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া মুটের বিভিন্ন অনুষ্ঠানে মন্ত্রিপরিষদের মাননীয় সদস্যবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ ও সরকারি উচ্চপদস্থ কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

বর্তমান বিশ্বের তথ্য প্রযুক্তি, শিক্ষা, সংস্কৃতি, বিনোদন ও বিজ্ঞান, শিশুতোষ ইত্যাদি বিষয় নিয়ে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বয়ে মুট এরিনায় (গোপালগঞ্জে একটি এবং জাতির পিতার জন্মস্থান টুঙ্গিপাড়ায় একটি) দুটি গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ (জিডিভি) তথা প্রদর্শনী পল্লী স্থাপন করা হবে। উক্ত জিডিভিতে কম্পিউটার গেম, বিজ্ঞান মেলা, ইন্টারনেট জোন, পুতুল নাচ, পরিবেশ, স্বাস্থ্য, শিক্ষা জলবায়ু, দুর্যোগ ব্যবস্থাপনা, দারিদ্র বিমোচন, নিরাপদ পানি, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, ঘুড়ি উৎসব, পিঠা মেলা, সৎ চরিত্রবান ও আদর্শ মানুষ হওয়ার কৌশল ইত্যাদি বিষয়ক কার্যক্রম প্রদর্শনীর মাধ্যমে তুলে ধরা হবে। এছাড়াও স্বাস্থ্য, পরিবেশ ও আইসিটি বিষয়ে সেমিনারের আয়োজন করা হবে। এতে করে অংশগ্রহণকারী রোভার স্কাউটরা ভবিষ্যতে নিজেদেরকে অধিকতর দক্ষ ও যোগ্য হয়ে গড়ে উঠার জন্য অনুপ্রাণিত হবে। উক্ত প্রদর্শনী সর্ব সাধারণের জন্য উন্মুক্ত থাকবে। প্রদর্শনী পল্লীতে স্টল স্থাপন ও পরিচালনার 'নীতিমালা ও সুবিধাদি' এই সাথে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, সেবার বহুল প্রচার ও প্রসারের লক্ষ্যে আপনার বিভাগ এবং আওতাধীন সংস্থাগুলির প্রতিটির পক্ষ থেকে মুটের প্রদর্শনী পল্লীতে ০২ টি স্টল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাই। আগামী ১৫ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে স্টল স্থাপনের সম্মতি প্রেরণের জন্য অনুরোধ করছি।

অতি জরুরী

সচিবের দপ্তর
কারিগরি মাদরাসা ও শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
ডায়েরী নং- ২৫০ তারিখ- ১১/১/১৭

(মোঃ শাহ্ কামাল)
সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ও
সভাপতি
একাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটি

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(বিশেষ দ্রষ্টব্য: স্টল স্থাপন সংক্রান্ত যে কোন প্রয়োজনে আহবায়ক, জিডিভি সাব কমিটি ও যুগ্ম সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, মোঃ মোহসীন, ফোন: ৯৫৪০০৫২, মোবাইলঃ ০১৭১১-১৬১৯২৬, ই-মেইলঃ mohsinmd@hotmail.com এর সাথে যোগাযোগ করা যেতে পারে)।

উপ-সচিব (কারিগরি)
উপ-সচিব (কারিগরি-২)
সহ-সচিব (কারিগরি-১)
ব্যক্তিগত কর্মকর্তা
অতিরিক্ত সচিব

বাংলাদেশ স্কাউটস
জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ

BANGLADESH SCOUTS
National Headquarters, National Scout Bhaban
60 Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh

## একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ এর জিডিভি (গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ) এ স্টল স্থাপন ও পরিচালনার জন্য নিম্নবর্ণিত সুবিধাদি প্রদান করা হবে

ক) জিডিভির পক্ষ থেকে একটি স্টল (১০ফিট/১০ফিট) বরাদ্দ করা হবে স্টল পরিচালনার জন্য প্রত্যেক প্রতিষ্ঠানকে ৮´×৩´ সাইজের একটি টেবিল ও ২টি চেয়ার প্রদান করা হবে। তবে অতিরিক্ত টেবিল ও চেয়ারের প্রয়োজন হলে তা মুট অনুষ্ঠানের ৫ দিন আগে লিখিতভাবে অবহিত করতে হবে।

খ) প্রতিটি স্টলে বৈদ্যুতিক সংযোগ প্রদান করা হবে ( একটি টিউব লাইট ও একটি সকেট পয়েন্ট)। স্টলে অতিরিক্ত বিদ্যুত সংযোগের প্রয়োজন হলে কর্তৃপক্ষের পূর্বানমতি গ্রহণ করতে হবে।

গ) স্টল পরিচালনার জন্য প্রতি স্টলে সর্বোচ্চ দুইজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করা যেতে পারে। তাঁরা মুট কর্মকর্তাদের ন্যায় রেজিষ্ট্রেশন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা প্রদান করে মুট ক্যাফেটেরিয়াতে খাবার গ্রহণ ও মুট হাসপাতালের স্বাস্থ্য সেবা গ্রহণ করতে পারবেন । জিডিভির পক্ষ থেকে তাঁদের আবাসনের জন্য তাঁবুর ব্যবস্থা করা হবে। তবে বিছানাপত্র সাথে নিয়ে আসতে হবে।

ঘ) স্টল কর্তৃপক্ষকে নিজস্ব উদ্যোগে স্টলের সাজসজ্জার ব্যবস্থা করতে হবে। সাজসজ্জার জন্য কোন উপকরণ জিডিভির পক্ষ থেকে সরবারহ করা হবে না ।

ঙ) মুট জিডিভি তে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের পরিচিতি যেমনঃ প্রতিষ্ঠানের নাম, লোগো, ঠিকানা, ই-মেইল, ওয়েবসাইট ,টেলিফোন নাম্বার, পটভূমি,উল্লেখ্যযোগ্য কার্যক্রম, ইত্যাদি নিয়ে একটি স্মরণিকা প্রকাশ করা হবে। উক্ত স্মরণিকা অংশগ্রহণকারী ও জিডিভি পরিদর্শনকারীদের মধ্যে বিতরণ করা হবে।

চ) মুট জিডিভির স্মরণিকায় নির্ধারিত ফি প্রদান করে প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দিতে পারবেন।

**বিজ্ঞাপনের হার (ফি)ঃ**

| | |
|---|---|
| শেষ প্রচ্ছদ (রঙ্গীন) | ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকা। |
| ৩য় প্রচ্ছদ (রঙ্গীন) | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার ) টাকা |
| সাধারণ পূর্ণ পৃষ্ঠা (রঙ্গীন) | ২০,০০০/- (বিশ হাজার ) টাকা |
| সাধারণ অর্ধ পৃষ্ঠা (রঙ্গীন) | ১০,০০০/- (দশ হাজার ) টাকা |

ছ) আগে আসলে আগে পাবেন ভিত্তিতে স্টল বরাদ্দ ও মুট জিডিভির স্মরণিকায় বিজ্ঞাপন প্রকাশের সুযোগ থাকবে।

জ) স্টল বরাদ্দের জন্য- প্রতিটি স্টল বাবদ ২০০০.০০(দুই হাজার) টাকা মাত্র প্রদান করতে হবে।

৬/১২/২০১৬

(মোসাঃ মাহ্‌ফুজা পারভীন )
উপ-পরিচালক
বাংলাদেশ স্কাউটস
ও
সদস্য সচিব
জিডিভি সাব কমিটি
একাদশ জাতীয় রোভার মুট ২০১৭ ।

Tel: +88-02-9333651 (PABX), 9342058, 9337714, Fax: +88-02-9342226, E-mail: scouts@bangla.net, Website: www.scouts.g